

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৫৬২

আগরতলা, ১২ মার্চ, ২০২৬

বিকশিত ভারত গড়ে তুলতে নারীদের উন্নয়ন
ও ক্ষমতায়নের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : রাজ্যপাল



প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় সরকার নারী ক্ষমতায়নের জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচি, উজ্জ্বলা যোজনার মাধ্যমে জ্বালানি গ্যাসের ব্যবস্থা করা, জনধন অ্যাকাউন্টের মাধ্যমে মহিলাদের আর্থিক উন্নতি করার মত প্রকল্পগুলি সারা দেশে রূপায়ণ করা হচ্ছে। এসব প্রকল্প নারীদের ক্ষমতায়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। আজ সকালে মহারাজা বীরবিক্রম কলেজের রবীন্দ্র হলে কেন্দ্রীয় সরকারের পিএম-উষা প্রকল্পের সহযোগিতায় আয়োজিত দু'দিনব্যাপী 'প্রেসিং উইমেনস ইস্যুস, মেন্টাল ওয়েল-বিইং অ্যান্ড এমপাওয়ারমেন্ট, দি ওয়ে ফরওয়ার্ড' শীর্ষক আলোচনাচক্রের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু একথা বলেন।

রাজ্যপাল বলেন, বিকশিত ভারত গড়ে তুলতে নারীদের উন্নয়ন ও ক্ষমতায়নের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। দেশের অগ্রগতি করতে হলে নারীদেরও অগ্রগতি করতে হবে। শিশু কন্যাদের প্রকৃত শিক্ষায় শিক্ষিত করতে হবে। রাজ্যপাল বলেন, রাজ্যের নারীদের বিভিন্ন সুযোগ সুবিধা দেওয়ার পাশাপাশি উন্নয়ন প্রক্রিয়ায় এবং নেতৃত্বদানেও তারা যেন সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারেন এজন্য রাজ্য সরকার কাজ করছে। নারীদের সামগ্রিক উন্নয়নের জন্য শিক্ষা, স্বাস্থ্য পরিষেবা এবং অর্থনৈতিক উন্নয়নের জন্য নির্দিষ্ট লক্ষ্যভিত্তিক পরিকল্পনা গ্রহণ করা অত্যন্ত জরুরী। দেশের অগ্রগতি ও উন্নয়নের জন্যও তা অপরিহার্য। প্রসঙ্গক্রমে রাজ্যপাল জাতীয় মহিলা কমিশন, ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন গঠনের প্রাসঙ্গিকতাও তুলে ধরেন।

জাতীয় সেমিনার উপলক্ষে আয়োজিত পোস্টার প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে রাজ্যপাল পুরস্কার ও স্মারক উপহার তুলে দেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর (ডা.) বিভাস দেব, উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেস দেববর্মা, এমবিবি কলেজের প্রিন্সিপাল ড. অর্জুন গোপ, এমবিবি কলেজের ছাত্র সাগরি জমতিয়া এবং তন্ময় দেবনাথ। স্বাগত বক্তব্য রাখেন আলোচনাচক্র আয়োজক কমিটির সম্পাদক ড. দীপা ঘোষ। লোকভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
